বর্ষ ওই গেল চলে।
কত দোষ করেছি যে,  ক্ষমা করো– লহো কোলে।।
শুধু আপনারে লয়ে   সময় গিয়েছে বয়ে–
চাহি নি তোমার পানে,  ডাকি নাই পিতা ব'লে।।
অসীম তোমার দয়া,   তুমি সদা আছ কাছে–
অনিমেষ আঁখি তব   মুখপানে চেয়ে আছে।
স্মরিয়ে তোমার স্নেহ   পুলকে পূরিছে দেহ–
প্রভু গো, তোমারে কভু  আর না রহিব ভুলে।।

---

Parjaay: Puja O Prarthana, Taal: Ara Theka, Raag: Purvi

Visit www.geetabitan.com for notation and other detail